

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আখতারুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, জামালপুর।
সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
সভার তারিখ ও সময়: ১৫/০১/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৫/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা আখতারুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও মাধ্যমিক শিক্ষক কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনের মাধ্যমে ক্লাশ পরিচালনা :	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের করোনাকালীন সময়ে পাঠদান কিছুটা বিঘ্নিত হচ্ছে। তাই শিক্ষার্থীদের পড়ালেখার ক্ষতি পুষিয়ে নিতে অনলাইন পাঠদানের বিকল্প নেই।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩	অনলাইন পাঠদান বিষয়ক আলোচনা :	সভার সম্মানিত সভাপতি জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। করোনার কারণে ছাত্র-ছাত্রীরা নিয়মিত পাঠদানে অংশগ্রহণ করতে পারছে না এমনকি ঠিকমত ক্লাস ও করতে পারছে না। তাই প্রতিষ্ঠানে গুলোতে অনলাইন পাঠদান করা অতীব জরুরী।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

তারিখ: ১৫/০১/২০২২খ্রিঃ

স্মারক নং-ইউএসইও/জাম/২২/

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নিবাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।

(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব